**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 24-05-2026**
**Time: 07:35-07:40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের যুবসমাজকে বিকশিত ভারত গঠনের ক্ষেত্রে আরও দায়িত্বশীল ও সক্রিয় ভূমিকা নেওয়ার আহ্বান জানিয়েছেন। গতকাল ভিডিও কনফারেন্সের মাধ্যমে ১৯তম রোজগার মেলায় ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন, দেশের কর্মযোগীদের উপর জনগণের আস্থা রয়েছে এবং নিষ্ঠা, সঠিক আচরণ ও দায়িত্ববোধের মাধ্যমে সেই আস্থা আরও শক্তিশালী করা তাঁদের কর্তব্য। তিনি উল্লেখ করেন, বিশ্বের বিভিন্ন দেশ ভারতের উন্নয়ন যাত্রার অংশীদার হতে আগ্রহী। যুবকদের জন্য কর্মসংস্থান, সুযোগ ও আন্তর্জাতিক অভিজ্ঞতা তৈরি করতে ভারত নানা দেশের সঙ্গে অংশীদারিত্ব গড়ে তুলছে এবং বিশ্বে একটি নির্ভরযোগ্য সাপ্লাই চেইন পার্টনার হিসেবে উঠে আসছে, বলেন প্রধানমন্ত্রী ।

*********************

## College – Admission :

ত্রিপুরায় সরকারি ডিগ্রী কলেজগুলিতে স্নাতক পাঠক্রমে চলতি শিক্ষাবর্ষে প্রথম বর্ষে ভর্তি প্রক্রিয়া আগামী ২৯ শে মে থেকে শুরু হচ্ছে। ঐদিন থেকে উচ্চশিক্ষা দপ্তরের সামর্থ পোর্টালের মাধ্যমে অনলাইনে আবেদন গ্রহণ শুরু হবে।

আবেদন গ্রহণের শেষ তারিখ সাতই জুন রাত বারোটা পর্যন্ত। প্রথম রাউন্ডে ভর্তির জন্য মেধা তালিকা প্রকাশ করা হবে ১৯ শে জুন। প্রথম রাউন্ডের মেধা তালিকা ভিত্তিতে ছাত্র ভর্তি করা হবে ২২ এবং ২৩শে জুন। দ্বিতীয় রাউন্ডের মেধা তালিকা প্রকাশ করা হবে ২৪ শে জুন। এর ভিত্তিতে ছাত্র ভর্তি করা হবে ২৫ থেকে ২৯ শে জুন পর্যন্ত। তৃতীয় রাউন্ডের মেধা তালিকা প্রকাশ করা হবে ৩০ জুন। এই তালিকার  ভিত্তিতে ছাত্র ভর্তি করা হবে ১লা ও দোসরা জুলাই। চতুর্থ রাউন্ডের মেধা তালিকা প্রকাশ করা হবে তেসরা জুলাই। এই তালিকার ভিত্তিতে ছাত্র ভর্তি করা হবে ৪ ঠা জুলাই থেকে ৬ ই জুলাই পর্যন্ত উচ্চ শিক্ষা দপ্তর সূত্রে গতকাল এখবর জানা গেছে।

*********************

**VB-G-Ram-G :**

সরকার বৃহত্তর জনমত গ্রহণের জন্য ভিবি-জি রাম জি আইন, ২০২৫-এর খসড়া বিধিমালা গতকাল প্রকাশ করেছে। গ্রামোন্নয়ন মন্ত্রক জানিয়েছে, যেকোনো ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান আগামী ২১ জুনের মধ্যে খসড়া বিধিমালাটির উপর আপত্তি বা পরামর্শ জমা দিতে পারবেন।

বিকশিত ভারত-জি রাম জি আইনটি ২০ বছর পুরনো মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান নিশ্চয়তা আইন, ২০০৫-কে প্রতিস্থাপন করেছে।

********************

**NIT Students meet Govorner :**

আগরতলার লোকভবনে গতকাল হরিয়ানা থেকে আগত একদল শিক্ষার্থী রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে সাক্ষাৎ করেন ।এক ভারত শ্রেষ্ঠ ভারত উদ্যোগের অধীনে যুব সঙ্গম ষষ্ঠ পর্বের কর্মসূচির অঙ্গ হিসেবে হরিয়ানার শিক্ষার্থীরা ত্রিপুরা সফর করছেন। এই সফরটি এন.আই.টি. কুরুক্ষেত্র এবং এন.আই.টি. আগরতলার যৌথ উদ্যোগে আয়োজন করা হয়েছে। রাজ্যপাল তাদের ত্রিপুরার সমৃদ্ধ সংস্কৃতি, ঐতিহ্যকে উপলব্ধি করতে উৎসাহিত করেন। উপস্থিত ছিলেন এন.আই.টি. আগরতলার অধিকর্তা অধ্যাপক শরৎ কুমার পাত্র।

*************************

**TSR Civic action :**

TSR এর সামাজিক কল্যান কর্মসূচী অনুযায়ী বাহিনীর ১০ম  ব্যাটালিয়নের উদ্যোগে গতকাল মান্দাইয়ের এনইসি কলোনি স্কুল মাঠে স্বাস্থ্য শিবির আয়োজিত হয় ।শিবিরে আশিগড়, এনইসি কলোনি ও তুইপাথর এলাকার ১৮৩ জন গ্রামবাসী চিকিৎসা পরিষেবা গ্রহন করেন। তাদের স্বাস্থ্য পরীক্ষার পর বিনামূল্যে ওষুধ প্রদান করা  হয়।

এলাকার দরিদ্র পরিবার ও স্কুল পড়ুয়াদের মধ্যে মশারি, ও পাঠ্য সামগ্রী বিতরণ করা হয়। স্থানীয় যুবকদের হাতে একটি ফুটবল ও জল পরিশোধকও তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে বাল্য বিবাহের বিরুদ্ধে ও সড়ক দুর্ঘটনা প্রতিরোধে সচেতনতামূলক আলোচনা করা হয়।

*********************

**Assam rifles :**

আসাম রাইফেলসের উদ্যোগে গতকাল আগরতলা গ্যারিসনে যোগব্যায়াম ও মানসিক স্বাস্থ্য সচেতনতা কর্মসূচি অনুষ্ঠিত হয়। সেনা সদস্যদের শারীরিক সক্ষমতা, মানসিক সুস্থতা ও চাপ মোকাবিলার দক্ষতা বাড়ানোর লক্ষ্যে এই কর্মসূচির আয়োজন করা হয়। এতে যোগব্যায়াম, শ্বাস-প্রশ্বাসের অনুশীলন এবং মানসিক দৃঢ়তা ও সুস্থ জীবনযাপনের গুরুত্ব নিয়ে সচেতনতামূলক আলোচনা অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে সব স্তরের অফিসার ও জওয়ানরা অংশ নেন।

************************

**→Sabse Door, Sabse Pehle→ :**

ভারত সরকারের জনজাতি বিষয়ক মন্ত্রকের জন-ভাগিদারী কর্মসূচির অন্তর্গত → সবসে দূর, সবসে পেহেলে" এই ভাবনায় "জনজাতীয় গরিমা উৎসব" ঊনকোটি জেলাতেও পালিত হচ্ছে।

এই উপলক্ষ্যে ঊনকোটি জেলার গৌরনগর ব্লকের অন্তর্গত দেওড়াছড়া ADC ভিলেজ কমিটির কার্যালয় প্রাঙ্গণে গতকাল প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয় ।

এখানে মহকুমা প্রশাসন, শিল্প ও বানিজ্য দপ্তর, প্রাণীসম্পদ বিকাশ, স্বাস্থ্য,বন, কৃষি ও কৃষক কল্যাণ প্রভৃতি দপ্তরের পরিসেবা প্রদান করা হয়। মহকুমা কল্যাণ আধিকারিক মতিরঞ্জন দেববর্মা এখবর জানিয়েছেন।

*******************

**JONOBHAGHIDARI CAMP :**

গোমতী জেলার কিল্লা ব্লক ও করবুক ব্লকের বিভিন্ন এডিসি ভিলেজ এলাকায় পৃথক পৃথক ভাবে জন ভাগিদারি শিবির অনুষ্ঠিত হয়।

কিল্লা ব্লকের বিডিও মনোরঞ্জন দেববর্মা গতকাল জানিয়েছেন, কিল্লা ব্লকের কিল্লা ও নোয়াবাড়ি, রাইয়াবাড়ি এবং কোয়াইমুড়া এডিসি ভিলেজ অফিসে অবস্থিত 'আদি সেবা কেন্দ্র'গুলিতে গত ২০ শে মে থেকে পি এম জন মন এবং দাজগুয়া প্রকল্পের অধীনে তথ্য, শিক্ষা ও যোগাযোগ সংক্রান্ত বিশেষ কর্মসূচী শুরু হয়েছে। কর্মসূচি শেষ হবে আগামীকাল ২৫ মে।

এছাড়া,করবুক ব্লকের পশ্চিম একছড়ি, পূর্ব এবং পশ্চিম মানিক্য দেওয়ান এডিসি ভিলেজ অফিসে অনুষ্ঠিত হয় জন ভাগিদারি শিবির।

***********************

**Petrol-Diesel :**

মধ্যপ্রাচ্যের পরিস্থিতির পরিপ্রেক্ষিতে দেশজুড়ে ফের বৃদ্ধি পেল পেট্রোল ও ডিজেলের দাম। মাত্র ১০ দিনের ব্যবধানে চলতি মাসে এই নিয়ে তৃতীয়বার পেট্রোল ও ডিজেলের দাম বাড়লো। আগরতলায় পেট্রোলের দাম লিটার প্রতি বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ১০২ টাকা ৩১ পয়সা। প্রতি লিটার ডিজেলের দাম বেড়ে দাঁড়িয়েছে ৯১ টাকা ২৩ পয়সা।

********************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত: মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে। আজ ভোরে আগরতলা ও তার আশেপাশে একপশলা বৃষ্টি হয়, সঙ্গে ঘন্টায় প্রায় ৮৫ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যায়। আগরতলা ও তার আশেপাশে গতকাল সকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টিপাতের পরিমাণ ছিল ৭৭ দশমিক ৪ মিলিমিটার। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২২ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি।

***********************

*********************